গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-৩৩ তারিখ : ১৭ এপ্রিল ২০২৫

# স্থায়ী কমিটির সভার নোটিশ ঃ

এতদ্বারা অত্র উপজেলার উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অত্র কমিটির দ্বিমাসিক সভা আগামী ২২ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ সময়ঃ বিকাল ০৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয় ঃ

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

প্রাপক
জনাব.............................................................
.....................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

(মোঃ ময়দান আলী)
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি
ও
উপজেলা যুব উন্নয়ন অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং-উযুউঅ/নাগ/কুড়ি/২০২৫/৩৩ তারিখ : ০৭ এপ্রিল ২০২৫

সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১। প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২। উপজেলা নিবার্হী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৩। অফিস কপি।

স্বাক্ষরিত
(মোঃ ময়দান আলী)
সদস্য সচিব
উপজেলা উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটি
ও
উপজেলা যুব উন্নয়ন অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

তারিখ ঃ ২২ এপ্রিল ২০২৫ খ্রিঃ, সময় ঃ বিকাল ০৩.০০ টা

স্থান ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিতি স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | প্রশাসক, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | সভাপতি | | |
| ২ | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৩ | উপজেলা নির্বাচন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য | | |
| ৪ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | দস্য | | |
| ৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম। | সদস্য সচিব | | |

**আলোচ্য বিষয় ঃ**

১। গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন।
২। অর্থ সংক্রান্ত।
৩। উন্নয়ন মূলক।
৪। অপরেশনাল।
৫। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত ঃ-**

১ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা যুব উন্নয়ন অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ গত সভার কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

২ নং বিষয়ে আলোচনা শুরু হলে উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান যে, করোনাকালীন সময়ে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণের অভাবে বেকার যুবকগণ বিভিন্নভাবে ক্ষতির সম্মুখীন হয়েছে। এ লক্ষ্যে ২০২১-২২ অর্থ বছরে জাইকার অর্থয়নে তার দপ্তরের মাধ্যমে তাদের কর্মমুখী ও দক্ষতা বৃদ্ধি লক্ষ্যে মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে এবং আশানুরুপ ফল পাওয়া গেছে। ভবিষ্যতে আরো বিভিন্ন ক্যাটাগরীতে এরকম প্রশিক্ষণ আয়োজন করার জন্য সভায় প্রস্তাব পেশ করেন। আগামী উপজেলা পরিষদের সাধারণ ও সমন্বয় সভায় বিস্তারিত আলোচনার অনুরোধ জানান।

৩নং বিষয়ে আলোচনা শুরু হলে তিনি জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। চলতি অর্থ বছরের সকল উন্নয়ন কার্যক্রম প্রায় শতভাগ বাস্তবায়নের পর্যায় রয়েছে। পরবর্তী সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা উপস্থাপন করা হবে।

৪ নং বিষয়ে আলোচনা শুরু হলে চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি জানান যে, বেকার সমস্যা সমাধানে দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণের বিকল্প নেই। তাই আরো দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান ও ঋণ কার্যক্রম প্রদানের উদ্যোগ গ্রহণের প্রস্তাব পেশ করেন।

৫ নং বিবিধ বিষয়ে অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্তি ঘোষনা করেন।

প্রশাসক
উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম